

জেএসসি (ভোকেশনাল) প্রবিধান-২০২০  
এবং ষষ্ঠ শ্রেণির আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পাঠ্যসূচি  
(২০২১ শিক্ষাবর্ষ থেকে কার্যকর)



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

জেএসসি (ভোকেশনাল) প্রবিধান-২০২০  
এবং  
ষষ্ঠ শ্রেণির আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পাঠ্যসূচি  
(পরিমার্জিত)

১৭৩তম বোর্ড সভায় অনুমোদিত প্রবিধান

প্রকাশনায়:  
কারিকুলাম বিভাগ  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

প্রকাশকাল: ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.

## মুখবন্ধ

যেকোন দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সবচেয়ে বড় নিয়ামক হিসেবে কাজ করে। মধ্যম আয়ের দেশে উন্নিত হওয়ার লক্ষ্যে বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসারের কোনো বিকল্প নাই। এপ্রেক্ষিতে জাতীয় শিক্ষানীতি-২০১০ এবং জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর আলোকে সাধারণ শিক্ষা ও কারিগরি শিক্ষার সমন্বয়ে বাংলাদেশে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের লক্ষ্যে প্রতিটি টেকনিক্যাল স্কুল ও কলেজে ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সাধারণ শিক্ষার পাশাপাশি একটি কারিগরি বিষয় অন্তর্ভুক্তিকরণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। অষ্টম শ্রেণি পাশ করার পর একজন শিক্ষার্থী বৃত্তিমূলক কারিগরি শিক্ষায় ভর্তি হতে পারবে। কারিগরি শিক্ষা অধিদপ্তরাদ্বারা “১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় ২৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২০২১ শিক্ষাবর্ষ হতে, দ্বিতীয় পর্যায়ে আরোও ৫০টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২০২২ শিক্ষাবর্ষ হতে ও অবশিষ্ট ২৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২০২৩ শিক্ষাবর্ষ হতে ষষ্ঠ শ্রেণির ভর্তি কার্যক্রম শুরু হবে। ভৌত অবকাঠামোর কাজ সম্পন্ন হওয়ায় আরোও ১০টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২০২১ শিক্ষাবর্ষ হতে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। এছাড়াও, পর্যায়ক্রমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় অন্যান্য টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং ইনস্টিটিউটে এই কার্যক্রম সম্প্রসারণ করা হবে। সরকারের এই সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে জেএসসি (ভোকেশনাল) কারিকুলাম ২০২০ এবং জেএসসি (ভোকেশনাল) প্রবিধান ২০২০ চূড়ান্ত করা হয়েছে। নতুন কারিকুলামের আলোকে ২০২১ শিক্ষাবর্ষের জন্য ষষ্ঠ শ্রেণির পাঠ্যসূচিও প্রণয়ন করা হয়েছে।

### পাঠ্যসূচির বৈশিষ্ট্য:

- প্রণীত পাঠ্যসূচিতে বর্ষমধ্য ও বার্ষিক পরীক্ষার জন্য পৃথকভাবে নির্বাচিত অধ্যয়ন, পাঠ শিরোনাম ও মোট পিরিয়ডের বিভাজন দেখানো হয়েছে।
- প্রবিধান ২০২০ এর আলোকে মাধ্যমিক স্তরের মূল্যায়ন, প্রশ্ন কাঠামো ও মান বন্টন অনুসরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে ২০২১ শিক্ষাবর্ষ থেকে ষষ্ঠ শ্রেণির মূল্যায়নে বহু নির্বাচনী ও সৃজনশীল প্রশ্ন কাঠামো অন্তর্ভুক্ত করা হয়েছে।
- প্রতিটি বিষয়ের পাঠ্যসূচি শেষে চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মান বন্টন এবং ধারাবাহিক মূল্যায়নের নম্বর বন্টন দেখানো হয়েছে।
- জেএসসি (ভোকেশনাল) প্রবিধান ২০২০ এর আলোকে বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষার নম্বর বন্টন ও রূপান্তর প্রক্রিয়া পাঠ্যসূচিতে দেখানো হয়েছে।
- প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষা সময়কাল হবে ৩৬ কার্য সপ্তাহ। প্রতি সপ্তাহ হবে ৬ দিনের, প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৩৬ পিরিয়ড (শনিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন ৬ পিরিয়ড) ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি পিরিয়ডের সময় হবে ৪৫ মিনিট।
- মোট নম্বর হবে ১১০০।

জেএসসি (ভোকেশনাল) প্রবিধান ২০২০ এবং ষষ্ঠ শ্রেণির জন্য প্রণীত এই পাঠ্যসূচি শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকগণকে কারিগরি শিক্ষায় আগ্রহী এবং অধিকতর কারিগরিমুখী হতে সহায়তা করবে। এ পাঠ্যসূচি প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ।

ড. মোঃ মোরাদ হোসেন মোল্ল্যা  
চেয়ারম্যান  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
ঢাকা-১২০৭।

## সূচিপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নম্বর
জেএসসি (ভোকেশনাল) প্রবিধান-২০২০	৬-১২
জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ শ্রেণির আবশ্যিক ও ঐচ্ছিক পাঠ্যসূচি	
বাংলা ১ম পত্র	১৩-১৪
বাংলা ২য় পত্র	১৫-১৭
ইংরেজি ১ম পত্র	১৭-১৯
ইংরেজি ২য় পত্র	২০-২১
গণিত	২২-২৪
বাংলাদেশ ও বিশ্বপরিচয়	২৪-২৫
বিজ্ঞান	২৬-২৮
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৮-৩০
কর্মমুখী প্রকৌশল শিক্ষা	৩০-৩২
ইসলাম ও নৈতিক শিক্ষা	৩২-৩৪
হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা	৩৫-৩৭
খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা	৩৭-৪০
বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা	৪০-৪২
শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য	৪৩-৪৪
কৃষি শিক্ষা	৪৫-৪৭
গার্হস্থ্য বিজ্ঞান	৪৮-৫১

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## জেএসসি (ভোকেশনাল) প্রবিধান, ২০২০

### ১. শিক্ষাক্রমের নাম ও মেয়াদ

- সাধারণ শিক্ষা ও কারিগরি শিক্ষা সমন্বিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরিচালিত নিম্ন মাধ্যমিক পর্যায়ের এই শিক্ষাক্রমের নাম হবে জেএসসি (ভোকেশনাল)।
- এ শিক্ষাক্রমের আওতায় ধারা ২-এ বর্ণিত বিষয়সমূহ নির্ধারিত থাকবে।
- এ শিক্ষাক্রমের মেয়াদ হবে তিন বছর, যা ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে বাস্তবায়ন করা হবে।

### ২. বিষয় কাঠামো ও সাপ্তাহিক বিষয়ভিত্তিক ক্লাস

বিষয়ের ধরন	ক্রমিক নং	বিষয়	পিরিয়ড		
			তত্ত্বীয়	ব্যবহারিক	মোট
সকল শিক্ষা ধারার আবশ্যিক	১	বাংলা-১ম পত্র	৫	-	৫
		বাংলা-২য় পত্র			
	২	ইংরেজি-১ম পত্র	৫	-	৫
		ইংরেজি-২য় পত্র			
	৩	গণিত	৪	-	৪
	৪	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	৩	-	৩
	৫	বিজ্ঞান	৩	-	৩
৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১	১	২	
মোট পিরিয়ড বিন্যাস			২১	১	২২
আবশ্যিক (ভোকেশনাল)	৭	কর্মমুখী প্রকৌশল শিক্ষা	২	৬	৮
আবশ্যিক (সাধারণ)	৮	ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা	৩	-	৩
		৯			
আবশ্যিক (সাধারণ) এর মোট পিরিয়ড বিন্যাস			৩	১	৪
ঐচ্ছিক	১০	কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান	১	১	২
সর্বমোট পিরিয়ড বিন্যাস			২৭	৯	৩৬

- এ শিক্ষাক্রমে প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষা সময়কাল হবে ৩৬ কার্য সপ্তাহ, প্রতি সপ্তাহ হবে ৬ দিনের, প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৩৬ পিরিয়ড (শনিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন ৬ পিরিয়ড) ক্লাস অনুষ্ঠিত হবে।
- এ শিক্ষাক্রমে প্রতি পিরিয়ডের সময় হবে ৪৫ মিনিট।
- কর্মমুখী প্রকৌশল শিক্ষা বিষয়ের ক্ষেত্রে ব্যবহারিক ক্লাস (৩ পিরিয়ড) একত্রে অনুষ্ঠিত হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষা বিষয়ের ক্ষেত্রে ২টি ক্লাস একত্রে কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত হবে।

- ২.৫. দৈনিক প্রারম্ভিক সমাবেশ (Assembly)এর মেয়াদ ১৫মিনিট এবং ৩য় পিরিয়ড পর মধ্যাহ্ন বিরতি ৪৫ মিনিট।
- ২.৬. বাংলা ও ইংরেজি বিষয়ের শিক্ষকগণ সাপ্তাহিক রুটিনে প্রয়োজন অনুসারে প্রথম ও দ্বিতীয় পত্রের ক্লাস বিভাজন করবেন।
- ২.৭. শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ের ব্যবহারিক ক্লাসে তত্ত্বীয় বিষয়সমূহ আলোচনা করতে হবে।
- ২.৮. কর্মমুখী প্রকৌশল শিক্ষা বিষয়ের তত্ত্বীয় অনুসন্ধানমূলক কাজগুলো প্রয়োজনে ব্যবহারিক ক্লাসে সম্পন্ন করতে পারবেন।
- ২.৯. বাংলা-১ম পত্র, বাংলা-২য় পত্র, ইংরেজি-১ম পত্র, ইংরেজি-২য় পত্র, গণিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান বিষয়সমূহের শিক্ষাক্রম জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত জাতীয় শিক্ষাক্রম ২০১২ (৬ষ্ঠ-৮ম শ্রেণি) অনুসৃত হবে।

### ৩. ভর্তির নিয়মাবলী

- ৩.১. কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদরাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য যোগ্য হবে।
- ৩.২. অন্যান্য শিক্ষা বোর্ডের অধিভুক্ত প্রতিষ্ঠান থেকে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত প্রতিষ্ঠানে পরবর্তী উচ্চতর (সপ্তম, অষ্টম ও নবম) শ্রেণিতে ভর্তি হতে পারবে। একইভাবে কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত প্রতিষ্ঠান থেকে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ অন্যান্য শিক্ষা বোর্ডের অধিভুক্ত প্রতিষ্ঠানে পরবর্তী উচ্চতর (সপ্তম, অষ্টম ও নবম) শ্রেণিতে ভর্তি হতে পারবে।
- ৩.৩. বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নীতিমালা অনুসারে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তি করা হবে।

### ৪. নিবন্ধন

- ৪.১. অষ্টম শ্রেণিতে ভর্তির সময় নির্ধারিত ফি প্রদান করে ক্লাশ শুরু ৬০ (ষাট) দিনের মধ্যে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে নিবন্ধনভুক্ত হতে হবে। নিবন্ধনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ০২ (দুই) শিক্ষাবর্ষ।
- ৪.২. দুই শিক্ষাবর্ষ পর কোনো শিক্ষার্থী পুনরায় অষ্টম শ্রেণিতে অধ্যয়ন করতে চাইলে তাকে বোর্ড নির্ধারিত রিটেনশন ফি (সংযোগ রক্ষাকারী ফি) দিয়ে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে নিবন্ধন নবায়ন করতে হবে। এ নবায়নের মেয়াদ হবে এক বছর এবং এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে।
- ৪.৩. এই শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় কোনো শিক্ষার্থী অন্য কোনো শিক্ষাক্রমে/কোর্সে অধ্যয়ন করতে পারবে না। কোনো শিক্ষার্থী এই শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় অন্য কোনো শিক্ষাক্রমে/কোর্সে অধ্যয়ন করলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### ৫. শিক্ষার্থী বদলি

- ৫.১. কোনো অকৃতকার্য শিক্ষার্থী বদলীতে ভর্তি হতে পারবে না।
- ৫.২. নতুন শ্রেণির ক্লাস শুরু হওয়ার ০৩ (তিন) মাসের মধ্যে শিক্ষার্থীরা বদলীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ৫.৩. সকল শ্রেণিতে আসন শূন্য সাপেক্ষে যুক্তিসংগত কারণে বদলীতে ভর্তি হওয়ার সুযোগ পাবে।
- ৫.৪. সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলী হয়ে ভর্তি বা বদলী হওয়ার সুযোগ থাকবে।
- ৫.৫. অষ্টম শ্রেণিতে বদলীতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী অভিভাবকের প্রতিস্বাক্ষরসহ বিমুক্তকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ ক্লাস শুরুর ০৩ (তিন) মাসের মধ্যে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর সোনালী ব্যাংক, আগারগাঁও শাখার অনুকূলে নির্ধারিত ফি এর ব্যাংক ড্রাফটসহ আবেদন করতে হবে।

## ৬. শিক্ষার্থী মূল্যায়ন কাঠামো

### ৬.১. বিষয়ভিত্তিক মূল্যায়ন কাঠামো

বিষয়ের ধরন	ক্রমিক নং	বিষয়	নম্বর বিন্যাস				মোট
			তত্ত্বীয়		ব্যবহারিক		
			ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন	ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন	
সকল শিক্ষা ধারার আবশ্যিক	১	বাংলা-১ম পত্র	৪০	৬০	-	-	১০০
		বাংলা-২য় পত্র	২০	৩০	-	-	৫০
	২	ইংরেজি-১ম পত্র	৪০	৬০	-	-	১০০
		ইংরেজি-২য় পত্র	২০	৩০	-	-	৫০
	৩	গণিত	৪০	৬০	-	-	১০০
	৪	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	৪০	৬০	-	-	১০০
	৫	বিজ্ঞান	৪০	৬০	-	-	১০০
	৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১০	২০	২০	-	৫০
মোট নম্বর বিন্যাস			২৫০	৩৮০	২০	-	৬৫০
আবশ্যিক (ভোকেশনাল)	৭	কর্মমুখী প্রকৌশল শিক্ষা	৪০	৬০	৫০	৫০	২০০
আবশ্যিক (সাধারণ)	৮	ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা	৪০	৬০	-	-	১০০
		শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য	২৫	-	২৫	-	৫০
আবশ্যিক (সাধারণ) এর মোট নম্বর বিন্যাস			৬৫	৬০	২৫	-	১৫০
ঐচ্ছিক	১০	কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান	২০	৫০	৩০	-	১০০
সর্বমোট নম্বর বিন্যাস			৩৭৫	৫৫০	১২৫	৫০	১১০০

#### ৬.১.১. বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষার নম্বর বন্টন ও রূপান্তর প্রক্রিয়া:

- বাংলা ১ম পত্র, ইংরেজি ১ম পত্র, গণিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, বিজ্ঞান এবং ইসলাম ও নৈতিক শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়সমূহ বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষা ১০০ নম্বরে অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ১০০ নম্বরে ২০ নম্বরে রূপান্তর করে ধারাবাহিকের অংশ হিসেবে দেয়া হবে। চূড়ান্ত পরীক্ষার ১০০ নম্বরে ৬০ নম্বরে রূপান্তর করা হবে।
- বাংলা ২য় পত্র ও ইংরেজি ২য় পত্র বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষা ৫০ নম্বরে অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ৫০ নম্বরে ১০ নম্বরে রূপান্তর করে ধারাবাহিকের অংশ হিসেবে দেয়া হবে। চূড়ান্ত নম্বরে ৩০ নম্বরে রূপান্তর করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে বর্ষমধ্য ও চূড়ান্ত তত্ত্বীয় পরীক্ষা ২০ নম্বরে অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ২০ নম্বরে ৫ নম্বরে রূপান্তর করে ধারাবাহিকের অংশ হিসেবে দেয়া হবে। চূড়ান্ত তত্ত্বীয় পরীক্ষা ২০ নম্বরে অনুষ্ঠিত হবে।
- কর্মমুখী প্রকৌশল শিক্ষা ১ বিষয়ে বর্ষমধ্য ও চূড়ান্ত তত্ত্বীয় পরীক্ষা ১০০ নম্বরে অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ১০০ নম্বরে ২০ নম্বরে রূপান্তর করে ধারাবাহিকের অংশ হিসেবে দেয়া হবে। চূড়ান্ত পরীক্ষার ১০০ নম্বরে ৬০ নম্বরে রূপান্তর করা হবে।
- কৃষিশিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞানে বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষা ৫০ নম্বরে অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ৫০ নম্বরে ১০ নম্বরে রূপান্তর করে ধারাবাহিকের অংশ হিসেবে দেয়া হবে। চূড়ান্ত পরীক্ষার ৫০ নম্বর অপরিবর্তিত থাকবে।



## ৬.২. মূল্যায়নের সাধারণ নিয়মাবলি

- ৬.২.১. শিক্ষার্থীকে পৃথকভাবে ব্যবহারিক ও তত্ত্বীয় ক্লাসে ন্যূনপক্ষে শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকতে হবে। অসুস্থতা বা গ্রহণযোগ্য অন্য কোনো কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান আরও শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করতে পারবেন।
- ৬.২.২. ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির ধারাবাহিক ও চূড়ান্ত মূল্যায়ন স্ব স্ব প্রতিষ্ঠান সম্পন্ন করবে ও ফলাফল প্রকাশ করবে।
- ৬.২.৩. অষ্টম শ্রেণি শেষে জেএসসি (ভোকেশনাল) পরীক্ষা কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুষ্ঠিত হবে। এই পরীক্ষার প্রশ্নপত্র এবং লিখুয়ুক্ত উত্তরপত্রসহ অন্যান্য সামগ্রী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহ করা হবে।
- ৬.২.৪. অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাসে উপ-ধারা ৬.২.১ মোতাবেক হাজিরা এবং তত্ত্বীয় ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নে পৃথক পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।
- ৬.২.৫. অষ্টম শ্রেণিতে নিবন্ধনভুক্ত কোনো শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোনো কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনঃভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ সাধারণভাবে একবারই গ্রহণ করা যাবে।
- ৬.২.৬. অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে তত্ত্বীয় ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং কৃতকার্য হওয়া বিষয়সমূহের চূড়ান্ত মূল্যায়নের নম্বর বোর্ডে সংরক্ষিত থাকবে।
- ৬.২.৭. কোনো শিক্ষার্থী বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে ঐচ্ছিক বিষয়সহ সকল বিষয়ে কৃতকার্য হলে এবং ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (জিপি) ২ অপেক্ষা বেশি হলে চূড়ান্ত ফলাফলের জিপিএ নির্ধারণের ক্ষেত্রে ২ এর অধিক জিপি যোগ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ বা তার কম হলে তা চূড়ান্ত ফলাফলের সাথে যুক্ত হবে না।
- ৬.২.৮. অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে ঐচ্ছিক বিষয় বিবেচনায় আসবে না।

## ৬.৩. ধারাবাহিক মূল্যায়নের নিয়মাবলি

### ৬.৩.১. ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি:

- ৬.৩.১.১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং ঐচ্ছিক বিষয় ব্যতিত অন্যান্য সকল তত্ত্বীয় বিষয়ে বা কোনো বিষয়ের তত্ত্বীয় অংশে নির্ধারিত মোট নম্বরের ৬০% নম্বর বোর্ড চূড়ান্ত পরীক্ষার জন্য এবং ৪০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।
- ৬.৩.১.২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং ঐচ্ছিক বিষয় ব্যতিত অন্যান্য সকল ব্যবহারিক বিষয়ে বা কোনো বিষয়ের ব্যবহারিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর চূড়ান্ত পরীক্ষার জন্য এবং ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।
- ৬.৩.১.৩. তত্ত্বীয় বিষয়/বিষয়ের তত্ত্বীয় অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (তত্ত্বীয় বিষয়ের ধারাবাহিক অংশের মোট নম্বরের শতকরা হারে)-

বর্ষমধ্য পরীক্ষা	:	৫০%
ক্লাশ টেস্ট, কুইজ টেস্ট ও এসাইনমেন্ট (প্রতিটির জন্য বর্ষমধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	:	৪০%
উপস্থিতি (৭০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে)	:	১০%
মোট	:	১০০%

শিক্ষার্থীর উপস্থিতির ভিত্তিতে বিন্যাস হবে নিম্নরূপ (মোট নম্বরের শতকরা হারে)-

উপস্থিতির হার	নম্বরের হার	উদাহরণ	
		বিষয়ের মোট ধারাবাহিক নম্বর ৪০ হলে	বিষয়ের মোট ধারাবাহিক নম্বর ২০ হলে
৯৫% বা এর উর্ধে	১০%	৪	২
৯০% - ৯৫% এর নীচে	৯%	৩.৬	১.৮
৮৫% - ৯০% এর নীচে	৮%	৩.২	১.৬
৮০% - ৮৫% এর নীচে	৭%	২.৮	১.৪
৭৫% - ৮০% এর নীচে	৬%	২.৪	১.২
৭০% - ৭৫% এর নীচে	৫%	২	১

৬.৩.১.৪. ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং প্রতি জব এক্সপেরিমেন্টের জন্য নির্ধারিত নম্বর হবে ১০ যার নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক ধারাবাহিক অংশের মোট নম্বরের উপর ভিত্তি করে):

জব অনুশীলন	: ৬
রিপোর্ট প্রস্তুতকরণ	: ২
পরিচ্ছন্নতা ও নিরাপত্তা	: ২
অবলম্বন	
মোট	: ১০

উদাহরণ:  
ব্যবহারিক ধারাবাহিক নম্বর ২৫  
অনুষ্ঠিত মোট জব ১২টি  
মোট নম্বর ১২ × ১০ = ১২০  
শিক্ষার্থী ১০টি জবে অংশগ্রহণ করে প্রাপ্ত নম্বর ৬০ হলে,  
এক্ষেত্রে তার প্রাপ্ত নম্বর হবে  $৬০ \times ২৫ \div ১২০ = ১২.৫$

সকল জবের নম্বর ধারাবাহিকের জন্য নির্ধারিত মোট নম্বরে রূপান্তর করতে হবে।

বোর্ড সমাপনী পরীক্ষায় বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।

৬.৩.১.৫. বার্ষিক সমাপনী পরীক্ষা/বোর্ড পরীক্ষায় ব্যবহারিক ও তত্ত্বীয় বিষয়ের প্রতি অংশে (ধারাবাহিক ও চূড়ান্ত) পাশ নম্বর হবে শতকরা ৩৩।

৬.৩.১.৬. ক্লাস চলাকালে বর্ষপঞ্জী অনুযায়ী ১৭-১৮তম সপ্তাহে তত্ত্বীয় বিষয়ের উপর প্রতিষ্ঠান বর্ষমধ্য পরীক্ষা গ্রহণ করবে।

৬.৩.১.৭. বর্ষমধ্য পরীক্ষার জন্য বিষয় শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের/বিষয়সমূহের প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দেবেন। একই বিষয়ের জন্য একাধিক শিক্ষক থাকলে তাঁরা যৌথভাবে বা প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে তাদের মধ্যে যে কোন একজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন।

৬.৩.১.৮. প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে ন্যূনতম ০৫ সদস্যের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা কমিটির মাধ্যমে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বর্ষমধ্য ও বার্ষিক পরীক্ষা এবং অষ্টম শ্রেণির বর্ষমধ্য পরীক্ষার প্রশ্নপত্র সমন্বয়, মডারেশন/পরিশোধন, পরীক্ষার সময়সূচি ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।

৬.৩.১.৯. ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বর্ষমধ্য ও বার্ষিক পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট বিষয় শিক্ষক মূল্যায়ন করবেন। প্রয়োজনে পরীক্ষা কমিটি অন্য শিক্ষক দ্বারাও উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন। তবে, একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট যে কোনো শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন।

৬.৩.১.১০. ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বর্ষমধ্য পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে শিক্ষার্থীদেরকে দেখার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীদেরকে অবহিত করার পর নম্বরসহ উত্তরপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান উত্তরপত্র সংরক্ষণ করবেন।

- ৬.৩.১.১১. ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বর্ষমধ্য ও বার্ষিক পরীক্ষা এবং অষ্টম শ্রেণির বর্ষমধ্য পরীক্ষার হাজিরাসহ মূল্যায়নকৃত ব্যবহারিক কাজ ও উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ছয় মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে।
- ৬.৩.১.১২. অষ্টম শ্রেণির ক্ষেত্রে জেএসসি (ভোকেশনাল) পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল ঘোষণা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালনা করবে।
- ৬.৩.১.১৩. অষ্টম শ্রেণির জেএসসি (ভোকেশনাল) পরীক্ষার মূল্যায়নকৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ছয় মাস পর্যন্ত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করবে।
- ৬.৩.১.১৪. প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান প্রধান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহকৃত অগ্রগতি কার্ড (Progress Card) যথাসময়ে সংশ্লিষ্ট শিক্ষক দ্বারা পূরণের ব্যবস্থা করবেন।

## ৬.৪. চূড়ান্ত মূল্যায়নের নিয়মাবলি

### ৬.৪.১. চূড়ান্ত মূল্যায়ন পদ্ধতি

- ৬.৪.১.১. অষ্টম শ্রেণি সমাপনান্তে জেএসসি (ভোকেশনাল) পরীক্ষা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- ৬.৪.১.২. তত্ত্বীয় বিষয় বা কোনো বিষয়ের তত্ত্বীয় অংশের লিখিত পরীক্ষার নম্বর ৪৫ বা তদূর্ধ্ব হলে পরীক্ষার সময় ৩ ঘন্টা এবং পরীক্ষার নম্বর ৪৫-এর কম হলে পরীক্ষার সময় ২ ঘন্টা নির্ধারিত হবে। যেসব বিষয়ে ব্যবহারিক পরীক্ষা রয়েছে সেসব বিষয়ের তত্ত্বীয় অংশের পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের ভিত্তিতে ব্যবহারিক পরীক্ষার সময়ও যথাক্রমে ৩ ঘন্টা ও ২ ঘন্টা নির্ধারিত থাকবে।
- ৬.৪.১.৩. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির কর্মমুখী প্রকৌশল শিক্ষা বিষয় ব্যতীত অন্যান্য বিষয়সমূহের চূড়ান্ত পরীক্ষার লিখিত অংশের প্রশ্ন কাঠামো সাধারণ শিক্ষা ধারার অনুরূপ হবে। তবে কর্মমুখী প্রকৌশল শিক্ষা বিষয়ের চূড়ান্ত পরীক্ষার লিখিত অংশের প্রশ্ন কাঠামো হবে নিম্নরূপ-
- অতি সংক্ষিপ্ত উত্তরমূলক প্রশ্ন
  - সংক্ষিপ্ত উত্তরমূলক প্রশ্ন
  - বিস্তৃত উত্তরমূলক প্রশ্ন

এক্ষেত্রে প্রতি অংশের নম্বর বিভাজন বোর্ড কর্তৃক নির্ধারিত হবে।

- ৬.৪.১.৪. অষ্টম শ্রেণির সমাপনী পরীক্ষার ব্যবহারিক বিষয়/বিষয়সমূহের ব্যবহারিক অংশের চূড়ান্ত মূল্যায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষক অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে এবং বোর্ড অনুমোদিত বহিঃপরীক্ষক যৌথভাবে সম্পন্ন করবেন এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক চূড়ান্ত অংশের মোট নম্বর শতকরা হারে):

ক. জব /এক্সপেরিমেন্ট	:	৬০%
১. জব	৫০%	
২. পরিচয়নতা ও নিরাপত্তা অবলম্বন	১০%	
খ. জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট	:	২০%
গ. মৌখিক পরীক্ষা	:	২০%
	মোট :	১০০%

বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার নম্বরপত্র পরীক্ষা সম্পন্ন হওয়ার তিন দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে।

- ৬.৫ বোর্ডের প্রচলিত নিয়ম অনুসারে ব্যবহারিক ও তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা নির্ধারিত কেন্দ্রের কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সেন্টার-ইন-চার্জ)-এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।

৬.৬ তত্ত্বীয় বিষয়ের অষ্টম শ্রেণি বোর্ড সমাপনী/জেএসসি (ভোকেশনাল)পরীক্ষা অনুষ্ঠানের শেষে কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা ঐ দিনই উত্তরপত্রসমূহ সীলগালা করে বীমাকৃত পার্সেল ডাক যোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন। তবে কোনো কারণে পরীক্ষা অনুষ্ঠানের দিন উত্তরপত্র পাঠাতে ব্যর্থ হলে কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট থানায় জিডি করে উত্তরপত্রসমূহ ট্রেজারিতে সংরক্ষণ করবেন এবং জিডির কপিসহ পরের দিন উত্তরপত্রসমূহ সীলগালা করে বীমাকৃত পার্সেল ডাক যোগে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন।

## ৭. ফলাফল ঘোষণা ও সনদ প্রদান

- ৭.১ ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক সমাপনী পরীক্ষায় এবং অষ্টম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কোনো শিক্ষার্থী আবশ্যিক সকল বিষয়ে ন্যূনতম D গ্রেড (উপ-ধারা ৭.৪) পেলে তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।
- ৭.২ অষ্টম শ্রেণির বোর্ড সমাপনী/জেএসসি (ভোকেশনাল) পরীক্ষায় আবশ্যিক সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীকে বোর্ড হতে জেএসসি (ভোকেশনাল) সনদপত্র প্রদান করা হবে।
- ৭.৩ অষ্টম শ্রেণির বোর্ড সমাপনী/জেএসসি (ভোকেশনাল) পরীক্ষার সনদপত্রের নাম ইংরেজি ভাষায় “Junior School Certificate (Vocational)” হবে।
- ৭.৪ প্রতি বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর ঐচ্ছিক বিষয় ব্যতীত ও ঐচ্ছিক বিষয়সহ Grade Point Average (GPA) নির্ধারণপূর্বক শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে।
- ৭.৫ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে:

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি	গ্রেড পয়েন্ট
A+	৮০% হতে ১০০%	৫.০০
A	৭০% হতে ৮০% এর নীচে	৪.০০
A-	৬০% হতে ৭০% এর নীচে	৩.৫০
B	৫০% হতে ৬০% এর নীচে	৩.০০
C	৪০% হতে ৫০% এর নীচে	২.০০
D	৩৩% হতে ৪০% এর নীচে	১.০০
F	০০% হতে ৩৩% এর নীচে	০

- ৭.৬ ফলাফল মান উন্নয়নের লক্ষ্যে পরীক্ষার্থীকে অব্যবহিত পরবর্তি বছরেই বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক বিষয়ের শুধুমাত্র তাত্ত্বিক অংশের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীর ফল উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের ফল বহাল থাকবে। তবে ঐচ্ছিক বিষয়ে মান উন্নয়নের সুযোগ নেই।

এই প্রবিধান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একাডেমিক নিয়ন্ত্রণাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২১ সাল হতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য কার্যকর হবে। এই প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ প্রবিধানে অনুল্লিখিত কোনো বিষয়ে ব্যাখ্যা প্রদান করার ক্ষমতা বোর্ডের নিকট সংরক্ষিত থাকবে।

শ্রেণি: ষষ্ঠ  
বাংলা (চারুপাঠ)-১ম পত্র

বিষয়	বিষয়বস্তু	লেখকের নাম	ক্রাস/পিরিয়ড
গদ্য	১. সততার পুরস্কার	-মুহম্মদ শহীদুল্লাহ	৩৯
	২. মিনু	-বনফুল	
	৩. নীলনদ আর পিরামিডের দেশ	-সৈয়দ মুজতবা আলী	
	৪. তোলপাড়	-শওকত ওসমান	
কবিতা	১. জন্মভূমি	-রবীন্দ্রনাথ ঠাকুর	
	২. সুখ	-কামিনী রায়	
	৩. মানুষজাতি	-সত্যেন্দ্রনাথ দত্ত	
	৪. বিঙে ফুল	-কাজী নজরুল ইসলাম	
আনন্দপাঠ	১. সাত ভাই চম্পা	-দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার	
	২. আলাউদ্দিনের চেরাগ	-হুমায়ূন আহমেদ	
	৩. আষাঢ়ের এক রাতে	-হালিমা খাতুন	
	৪. আমার বিয়ের বরযাত্রী	-খান মোহাম্মদ ফারাবী	
	৫. নাটিকাঃ অমল ও দইওয়াল	-রবীন্দ্রনাথ ঠাকুর	
<b>বর্ষমধ্য পরীক্ষা</b>			
গদ্য	৫. আকাশ	-আবদুল্লাহ আল-মুতী	৪২
	৬. মাদার তেরেসা	-সনজীদা খাতুন	
	৭. কত দিকে কত কারিগর	-সৈয়দ শামসুল হক	
	৮. কত কাল ধরে	-আনিসুজ্জামান	
কবিতা	৫. আসমানি	-জসীমউদ্দীন	
	৬. মুজিব	-রোকনুজ্জামান	
	৭. বাঁচতে দাও	-শামসুর রাহমান	
	৮. পাখির কাছে ফুলের কাছে	-আল মাহমুদ	
	৯. ফাগুন মাস	হুমায়ূন আজাদ	
আনন্দপাঠ	৬. আদু ভাই	-আবুল মনসুর আহমদ	
	৭. মারমা রূপকথাঃ হলুদ টিয়া সাদা টিয়া	-বাংলা-রূপ: মাউচিং	
	৮. একটি সুখী গাছের গল্প	-শেল সিলভারস্টাইন অনুবাদ : জি এইচ হাবীব	
	৯. অতিথি	হোমার রূপান্তর: সিরাজুল ইসলাম চৌধুরী	
	১০. ভ্রমণ কাহিনি-বিলাতের প্রকৃতি	মুহম্মদ আবদুল হাই	

বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষার মান বন্টন

প্রশ্নের বিভাগ	প্রশ্নের বিষয়	প্রশ্নের ধরন	প্রশ্নের সংখ্যা	প্রশ্নের মান
ক-বিভাগ	গদ্য, কবিতা ও আনন্দপাঠ	বহু নির্বাচনি	৩০টি প্রশ্ন থাকবে; ৩০টিই উত্তর দিতে হবে	৩০×১= ৩০
খ-বিভাগ	গদ্য	৪টি সৃজনশীল প্রশ্ন থাকবে	ন্যূনতম ২টির উত্তর দিতে হবে	১০×৭=৭০
	কবিতা	৪টি সৃজনশীল প্রশ্ন থাকবে	ন্যূনতম ২টির উত্তর দিতে হবে	
	আনন্দপাঠ	৩টি সৃজনশীল প্রশ্ন থাকবে	ন্যূনতম ২টির উত্তর দিতে হবে	
	প্রতিটি বিভাগ থেকে ২টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে			
				সর্বমোট ১০০

প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর বিভাজন			বহুনির্বাচনি নম্বর বিভাজন ও ধরণ				
ক্রমিক	বিবেচ্য বিষয়	নম্বর	ক্রমিক	বিবেচ্য বিষয়	শতকরা	সংখ্যা	প্রশ্নের ধরণ
০১.	জ্ঞানমূলক	০১	০১.	জ্ঞানমূলক	৪০%	১২	ক. সাধারণ খ. অভিন্ন তথ্য ভিত্তিক গ. বহুপদী সমাপ্তিসূচক ২০% এর বেশি হবে না।
০২.	অনুধাবনমূলক	০২	০২.	অনুধাবনমূলক	৩০%	৯	
০৩.	প্রয়োগমূলক	০৩	০৩.	প্রয়োগমূলক	২০%	৬	
০৪.	উচ্চতর দক্ষতা মূলক	০৪	০৪.	উচ্চতর দক্ষতা মূলক	১০%	৩	
মোট=		১০	মোট=		১০০%	৩০টি	

ধারাবাহিক মূল্যায়ন নম্বর

বিবরণ	শতকরা হার	মোট নম্বর
(ক) বর্ষমধ্য পরীক্ষা	৫০%	২০
(খ) ক্লাস টেস্ট, কুইজ টেস্ট, অ্যাসাইনমেন্ট (২০%, ১০%, ১০%) (প্রতিটির জন্য বর্ষ মধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	৪০%	১৬
(খ) উপস্থিতি (৭০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে) প্রবিধান অনুযায়ী	১০%	৪

**শ্রেণি: ষষ্ঠ**  
**বাংলা-২য় পত্র (বাংলা ব্যাকরণ ও নির্মিতি)**

বিষয়	বিষয়বস্তু	অনুশীলন	বিশেষ নির্দেশনা
ব্যাকরণ অংশ	১.ভাষা ও বাংলা ভাষা		
	২.ধ্বনি তত্ত্ব (২.১-২.৩.৪ পর্যন্ত) সক্রিয় ও নিষ্ক্রিয় প্রত্যয়		
	৩.বানান		
	৪.বিরাম চিহ্ন		
নির্মিতি অংশ	সারাংশ/সারমর্ম বাংলা ১ম পত্রের পাঠ্যপুস্তক থেকে ভাব-সম্প্রসারণ: (অনির্ধারিত)	<b>অনুশীলন</b> (ক) ইচ্ছা থাকলে উপায় হয়। (খ) বিশ্বে যা কিছু মহান সৃষ্টি.....অর্ধেক তার নয়। (গ) নানান দেশের নানান.....মিটে কী আশা। (ঘ) আপনারা লয়ে বিব্রত.....পরের তরে।	
চিঠি/আবেদনপত্র	অনির্ধারিত	ব্যক্তিগত পত্র ও আবেদনপত্র	
রচনা		(ক) শহিদ দিবস (খ) দৈনন্দিন জীবনে কম্পিউটার (গ) সত্যবাদিতা (ঘ) বর্ষাকাল (ঙ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	প্রবন্ধ রচনায় অবশ্যই তিনটি অংশ থাকবে- (ক) ভূমিকা (খ) মূল অংশ (গ) উপসংহার
অনুচ্ছেদ/অনুধাবন		অনির্ধারিত	
<b>বর্ষমধ্য পরীক্ষা</b>			
ব্যাকরণ অংশ	১.রূপতত্ত্ব ২.বাক্যতত্ত্ব ৩.বাগর্থ ৪.ধ্বনিতত্ত্ব(২.৩.২ উচ্চারণরীতি-২.৯.২ সন্ধির প্রয়োজনীয়তা পর্যন্ত।) ৫.বাংলা অভিধান (ক) অভিধানে শব্দভুক্তির নিয়ম (খ) অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রমিক শব্দ।		

নির্মিত অংশ	সারাংশ/সারমর্ম বাংলা ১ম পত্রের পাঠ্যপুস্তক থেকে ভাব-সম্প্রসারণ (অনির্ধারিত)	অনুশীলন (ক) চরিত্র মানবজীবনের অমূল্য সম্পদ (খ) পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি (গ) স্বদেশের উপকারে .....পশু সেই জন। (ঘ) শিক্ষাই জাতির মেরুদণ্ড।	
চিঠি/আবেদনপত্র	অনির্ধারিত	ব্যক্তিগত পত্র ও আবেদনপত্র	
রচনা		(ক) জাতীয় পতাকা (খ) দেশপ্রেম (গ) ঋতুরাজ (ঘ) তোমার প্রিয় খেলা (ঙ) আমাদের মুক্তিযুদ্ধ	প্রবন্ধ রচনায় অবশ্যই তিনটি অংশ থাকবে- (ক) ভূমিকা (খ) মূল অংশ (গ) উপসংহার
অনুচ্ছেদ/অনুধাবন	অনির্ধারিত		

বর্ষমধ্য ও চূড়ান্ত পরীক্ষার মান বন্টন

প্রশ্নের কিভাগ	প্রশ্নের বিষয়	প্রশ্নের সংখ্যা	নম্বর
ক-বিভাগ	বাংলা ব্যাকরণ ও নির্মিত থেকে বহু নির্বাচনি	২০টি প্রশ্ন থাকবে; ২০টি উত্তর করতে হবে।	২০×০১=২০
খ-বিভাগ	সারাংশ/সারমর্ম	যেকোন একটির সারাংশ অথবা সারমর্ম লিখতে হবে।	০৫×০১=০৫
	ভাব-সম্প্রসারণ	২টি ভাব-সম্প্রসারণ থাকবে একটির উত্তর লিখতে হবে।	০৫×০১=০৫
	চিঠি/আবেদনপত্র (ব্যক্তিগত পত্র ও আবেদনপত্র)	যেকোন একটির চিঠি অথবা আবেদনপত্র লিখতে হবে।	০৫×০১=০৫
	অনুচ্ছেদ/অনুধাবন	যেকোন একটি অনুচ্ছেদ অথবা অনুধাবন লিখতে হবে।	০৫×০১=০৫
	রচনা	৩টি প্রবন্ধ রচনা থাকবে যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা লিখতে হবে। নির্দেশনা: প্রবন্ধ রচনায় অবশ্যই তিনটি অংশ থাকবে-(ক) ভূমিকা, (খ) মূল অংশ, (গ) উপসংহার	১০×০১=১০
		মোট	৩০
		সর্বমোট	৫০



## ধারাবাহিক মূল্যায়ন নম্বর

বিবরণ	শতকরা হার	মোট নম্বর
(ক) বর্ষমধ্য পরীক্ষা	৫০%	১০
(খ) ক্লাস টেস্ট, কুইজ টেস্ট, অ্যাসাইনমেন্ট (২০%, ১০%, ১০%) (প্রতিটির জন্য বর্ষ মধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	৪০%	৮
(খ) উপস্থিতি (৭০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে)	১০%	২

## Class: VI Subject: English First Paper

### Mid-term Examination

#### Section A: Reading Skill

#### Seen Passage:

Lesson	Contents	Periods
1	Going to a new school	2
2	Congratulations! Well done!	2
3	At a railway station	2
4	Where are you from?	2
5	Thanks for your work	2
6	It smells good!	2
7	Holding hands	2
8	Grocery shopping	2
9	Health is wealth	2
10	Remedies: modern and traditional	2
11	Are you listening? -1	2
12	Son of the soil	2
13	Mujib in school days	2
14	An unseen beauty of Bangladesh	2
15	Our pride	2

Unseen Passage: (For practice)

3

## Section B: Writing Skill

Topics	periods
E-mail writing	6
Dialogue writing	6

## Annual Examination Section A: Reading Skill

### Seen Passage

Lesson	Contents	Periods
16	The lion's mane	2
17	An old people's home	2
18	Boats sail on the rivers	2
19	Are you listening? -2	2
20	Make your snacks	2
21	Stop, look and listen	2
22	Hason Raja : the mystic bard of Bangladesh	2
23	Wonders of the world -1	2
24	Wonders of the world -2	2
25	We live in a global village	2
26	Our wage earners	2
27	The concert for Bangladesh	2
28	Buying clothes	2
29	Andre	2
30	Are you listening?-3	2
31	Taking a test	2
32	What should we do?	2
33	Too much or too little water	2
34	An invitation for Robin	2
35	The Garden	2

Unseen Passage: (For practice)

2

## Section B: Writing Skill

Topics	periods
Paragraph writing (Answering questions)	6
Letter writing	5
Completing story	5

Marks Distribution for Mid Term and Annual Examination

Total Marks: 100

SL	Subject	Marks
1	Listening test	10
2	Speaking test	10

Section A: Reading Skill-40

1.	Multiple choice questions	$1 \times 5 = 5$
2.	Answering questions (open ended/close ended)	$2 \times 5 = 10$
3.A	Information Transfer	$1 \times 5 = 5$
3.B	True/False	$1 \times 5 = 5$
4.	Gap filling with clues	$1 \times 5 = 5$
5.	Matching	$1 \times 5 = 5$
6.	Re-arranging	$1 \times 5 = 5$
Total		40

Section B: Writing Skill-40

7.	Completing story	$1 \times 10 = 10$
8.	Informal letter/E-mail	$1 \times 10 = 10$
9.	Dialogue writing	$1 \times 10 = 10$
10.	Paragraph writing (answering questions)	$1 \times 10 = 10$
Total		40

Continuous Assessment

Description	Percentage	Total Number
Mid Term Examination	50%	20
Class Test, Quiz, Assignment (20%, 10% & 10%)	40%	16
Attendance (According to Providhan)	10%	4

**Class: VI**  
**Subject: English Second Paper**

Mid-term Examination

Part A : Grammar

Unit	Contents	Periods
01	Parts of speech	6
02	The tenses	6
03	Articles : a , an , the	5
04	Possessives	5

Part B: Composition

Topics	Periods
Formal letter writing	8
Paragraph writing	8

Annual Examination

Part A : Grammar

Unit	Contents	Periods
05	The -ing form of verb: Gerund and participle	6
06	Sentences	6
07	Introductory 'There' and 'It'	6
08	Punctuation and Capitalisation	6

Part B: Composition

Topics	Periods
E-mail writing	7
Composition writing	7

Marks Distribution:  
Total Marks: 50

Section A: Grammar-30

Sl.	Subject	Marks
1.	Use of articles	$0.5 \times 8 = 4$
2.	Changing tenses (present and past tense)	$0.5 \times 8 = 4$
3.	Gap filling with clues	$0.5 \times 10 = 5$
4.	Substitution table	$1 \times 4 = 4$
5.	Changing sentences (affirmative, negative and interrogative sentences)	$1 \times 5 = 5$
6.	Gap filling with right form of verbs	$0.5 \times 8 = 4$
7.	Punctuation and capitalisation	$0.5 \times 8 = 4$
Total =		30

Section B: Writing Skill- 20

1.	Writing formal letter/E-mail	$1 \times 8 = 8$
2.	Writing composition	$1 \times 12 = 12$
Total =		20

Continuous Assessment

Description	Percentage	Total Number
Mid Term Examination	50%	10
Class Test, Quiz, Assignment (20%, 10% & 10%)	40%	8
Attendance (According to Providhan)	10%	2

**শ্রেণি: ষষ্ঠ**  
**বিষয়: গণিত**

বর্ষ মধ্য পরীক্ষার পাঠ্যক্রম

অধ্যায়	শিরোনাম	পিরিয়ড
প্রথম	স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ	১৮
চতুর্থ	বীজগণিতীয় রাশি	১৫
ষষ্ঠ	জ্যামিতির মৌলিক ধারণা	২০
অষ্টম	তথ্য ও উপাত্ত (৮.১ ও ৮.৪)	১২
মোট=		৬৫

বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

অধ্যায়	শিরোনাম	পিরিয়ড
দ্বিতীয়	অনুপাত ও শতকরা	২৫
তৃতীয়	পূর্ণ সংখ্যা	১৫
পঞ্চম	সরল সমীকরণ	১৫
সপ্তম	ব্যবহারিক জ্যামিতি	২০
অষ্টম	তথ্য ও উপাত্ত (৮.৫ ও ৮.৬)	০৫
মোট=		৮০

মোট নম্বর: ১০০ (সৃজনশীল: ৭০, বহুনির্বাচনি: ৩০)

বর্ষ মধ্য পরীক্ষার সৃজনশীল প্রশ্নের নম্বর বন্টন

বিভাগ	অধ্যায়	প্রশ্ন সংখ্যা	মান (প্রতি প্রশ্ন)	বিষয়	নির্দেশনা
ক	প্রথম	৩টি	১০	পাটিগণিত	ক, খ এবং গ বিভাগ হতে ২টি করে এবং ঘ বিভাগ হতে ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে
খ	চতুর্থ	৩টি	১০	বীজগণিত	
গ	ষষ্ঠ	৩টি	১০	জ্যামিতি	
ঘ	অষ্টম (৮.১- ৮.৪)	২টি	১০	তথ্য ও উপাত্ত	

প্রতি সৃজনশীল প্রশ্নের নম্বর বিভাজন

ক্রমিক	বিবেচ্য বিষয়	নম্বর
০১.	অনুধাবন মূলক	২
০২.	প্রয়োগ মূলক	৪
০৩.	উচ্চতর দক্ষতা মূলক	৪
মোট=		১০

বর্ষ মধ্য পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্নের মান বন্টন

বিভাগ	অধ্যায়	প্রশ্ন সংখ্যা	মান (প্রতি প্রশ্ন)	বিষয়	মন্তব্য
ক	প্রথম	৯টি	১	পাটিগণিত	সকল প্রশ্নের উত্তর দিতে হবে
খ	চতুর্থ	৮টি	১	বীজগণিত	
গ	ষষ্ঠ	৮টি	১	জ্যামিতি	
ঘ	অষ্টম (৮.১-৮.৪)	৫টি	১	তথ্য ও উপাত্ত	

বহু নির্বাচনি প্রশ্নের নম্বর বিভাজন ও ধরণ

ক্রমিক	বিবেচ্য বিষয়	শতকরা	সংখ্যা	প্রশ্নের ধরণ
০১.	জ্ঞান মূলক	৪০%	১২	ক. সাধারণ খ. অভিন্ন তথ্য ভিত্তিক গ. বহুপদী সমাপ্তিসূচক ২০% এর বেশি হবে না
০২.	অনুধাবন মূলক	৩০%	৯	
০৩.	প্রয়োগ মূলক	২০%	৬	
০৪.	উচ্চতর দক্ষতা মূলক	১০%	৩	
	মোট=	১০০%	৩০টি	

বার্ষিক পরীক্ষার সৃজনশীল প্রশ্নের নম্বর বন্টন

বিভাগ	অধ্যায়	প্রশ্ন সংখ্যা	মান (প্রতি প্রশ্ন)	বিষয়	মন্তব্য
ক	দ্বিতীয়, তৃতীয়	৩টি	১০	পাটিগণিত	ক, খ এবং গ বিভাগ হতে ২টি করে এবং ঘ বিভাগ হতে ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।
খ	পঞ্চম	৩টি	১০	বীজগণিত	
গ	ষষ্ঠ	৩টি	১০	জ্যামিতি	
ঘ	অষ্টম (৮.৫-৮.৬)	২টি	১০	তথ্য ও উপাত্ত	

প্রতি সৃজনশীল প্রশ্নের নম্বর বিভাজন

ক্রমিক	বিবেচ্য বিষয়	নম্বর
০১.	অনুধাবন মূলক	২
০২.	প্রয়োগ মূলক	৪
০৩.	উচ্চতর দক্ষতা মূলক	৪
	মোট=	১০

বার্ষিক পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্নের মান বন্টন

বিভাগ	অধ্যায়	প্রশ্ন সংখ্যা	মান (প্রতি প্রশ্ন)	বিষয়	মন্তব্য
ক	দ্বিতীয়, তৃতীয়	৯টি	১	পাটিগণিত	সকল প্রশ্নের উত্তর দিতে হবে
খ	পঞ্চম	৮টি	১	বীজগণিত	
গ	ষষ্ঠ	৮টি	১	জ্যামিতি	
ঘ	অষ্টম (৮.৫-৮.৬)	৫টি	১	তথ্য ও উপাত্ত	

বহু নির্বাচনি প্রশ্নের নম্বর বিভাজন ও ধরণ				
ক্রমিক	বিবেচ্য বিষয়	শতকরা	সংখ্যা	প্রশ্নের দরণ
০১.	জ্ঞান মূলক	৪০%	১২	ক. সাধারণ খ. অভিন্ন তথ্য ভিত্তিক গ. বহুপদী সমাপ্তিসূচক ২০% এর বেশি হবে না
০২.	অনুধাবন মূলক	৩০%	৯	
০৩.	প্রয়োগ মূলক	২০%	৬	
০৪.	উচ্চতর দক্ষতা মূলক	১০%	৩	
	মোট=	১০০%	৩০টি	

ধারাবাহিক মূল্যায়ন (তত্ত্বীয়)	
বিবরণ	শতকরা হার
বর্ষ মধ্য পরীক্ষা	৫০%
ক্লাস টেস্ট (বর্ষ মধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	২০%
কুইজ টেস্ট (বর্ষ মধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	১০%
অ্যাসাইনমেন্ট (বর্ষ মধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	১০%
উপস্থিতি	১০%

শ্রেণি: ষষ্ঠ

বিষয়: বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

বর্ষ মধ্য পরীক্ষা

অধ্যায়	পাঠ ও অধ্যায়ের শিরোনাম	পিরিয়ড
প্রথম	বাংলাদেশের ইতিহাস	১০
দ্বিতীয়	বাংলাদেশ ও বিশ্ব সভ্যতা	৪
তৃতীয়	বিশ্ব-ভৌগলিক পরিমন্ডলে বাংলাদেশ	১০
চতুর্থ	বাংলাদেশের জনসংখ্যা পরিচিতি	৯
পঞ্চম	বাংলাদেশের সমাজ	৯
ষষ্ঠ	বাংলাদেশের সংস্কৃতি	১০
	মোট =	৫২



বার্ষিক সমাপনী পরীক্ষা

অধ্যায়	পাঠ ও অধ্যায়ের শিরোনাম	পিরিয়ড
সপ্তম	বাংলাদেশের অর্থনীতি	১০
অষ্টম	বাংলাদেশ ও বাংলাদেশের নাগরিক	১০
নবম	বাংলাদেশের পরিবেশ	৮
দশম	বাংলাদেশে শিশু অধিকার	৮
একাদশ	বাংলাদেশের শিশুর বেড়ে উঠা ও প্রতিবন্ধকতা	১০
দ্বাদশ	বাংলাদেশ ও আঞ্চলিক সহযোগিতা	৪
ত্রয়োদশ	টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)	৪
		মোট = ৫৪

প্রশ্নের ধারা ও মান বন্টন			
সৃজনশীল প্রশ্ন	১১টি সৃজনশীল প্রশ্ন থাকবে	৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে	১০X৭=৭০
বহুনির্বাচনি প্রশ্ন	৩০টি প্রশ্ন থাকবে	৩০টি প্রশ্নের উত্তর দিতে হবে	১X৩০=৩০

প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর বিভাজন			বহুনির্বাচনি নম্বর বিভাজন ও ধরণ				
ক্রমিক	বিবেচ্য বিষয়	নম্বর	ক্রমিক	বিবেচ্য বিষয়	শতকরা	সংখ্যা	প্রশ্নের ধরণ
০১.	জ্ঞানমূলক	০১	০১.	জ্ঞানমূলক	৪০%	১২	ক. সাধারণ খ. অভিন্ন তথ্য ভিত্তিক গ. বহুপদী সমাপ্তিসূচক ২০% এর বেশি হবে না।
০২.	অনুধাবনমূলক	০২	০২.	অনুধাবনমূলক	৩০%	৯	
০৩.	প্রয়োগমূলক	০৩	০৩.	প্রয়োগমূলক	২০%	৬	
০৪.	উচ্চতর দক্ষতা মূলক	০৪	০৪.	উচ্চতর দক্ষতা মূলক	১০%	৩	
মোট=		১০	মোট=		১০০%	৩০টি	

ধারাবাহিক মূল্যায়ন নম্বর

বিবরণ	শতকরা হার	মোট নম্বর
(ক) বর্ষমধ্য পরীক্ষা	৫০%	২০
(খ) ক্লাস টেস্ট, কুইজ টেস্ট, অ্যাসাইনমেন্ট (২০%, ১০%, ১০%) (প্রতিটির জন্য বর্ষ মধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	৪০%	১৬
(খ) উপস্থিতি (৭০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে) প্রবিধান অনুযায়ী	১০%	৪

শ্রেণি: ষষ্ঠ  
বিষয়: বিজ্ঞান

বর্ষ মধ্য পরীক্ষার পাঠ্যক্রম

অধ্যায়	শিরোনাম	পিরিয়ড
প্রথম	বৈজ্ঞানিক প্রক্রিয়া এবং পরিমাপ	৭
দ্বিতীয়	জীবজগত	৭
তৃতীয়	উদ্ভিদ ও প্রাণীর কোষীয় সংগঠন	৭
সপ্তম	পদার্থের বৈশিষ্ট্য এবং বাহ্যিক প্রভাব	৮
দশম	গতি	১০
চতুর্দশ	পরিবেশের ভারসাম্য এবং জীবন	৯
মোট পিরিয়ড সংখ্যা =		৪৮

বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

অধ্যায়	শিরোনাম	পিরিয়ড
চতুর্থ	উদ্ভিদের বাহ্যিক বৈশিষ্ট্য	৭
পঞ্চম	সালোক সংশ্লেষণ	৫
ষষ্ঠ	সংবেদী অঙ্গ	৮
অষ্টম	মিশ্রন	৯
নবম	আলোর ঘটনা	৮
একাদশ	বল এবং সরল যন্ত্র	৮
দ্বাদশ	পৃথিবীর উৎপত্তি	৬
ত্রয়োদশ	খাদ্য ও পুষ্টি	৭
মোট পিরিয়ড সংখ্যা =		৫৮

বর্ষমধ্য পরীক্ষার সৃজনশীল প্রশ্নের নম্বর বন্টন

বিভাগ	অধ্যায়	প্রশ্ন সংখ্যা	প্রতি প্রশ্নের মান	বিষয়	মন্তব্য	পূর্ণমান
ক	প্রথম, দশম	৩টি	১০	পদার্থ বিজ্ঞান	ক ও খ বিভাগ হতে কমপক্ষে ২টি করে এবং গ ও ঘ বিভাগ হতে কমপক্ষে ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।	৭ X ১০=৭০
খ	দ্বিতীয়, তৃতীয়	৩টি	১০	জীব বিজ্ঞান		
গ	সপ্তম	২টি	১০	রসায়ন		
ঘ	চতুর্দশ	২টি	১০	বিবিধ		
মোট=		১০টি				

বর্ষ মধ্য পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্নের নম্বর বন্টন  
প্রতি প্রশ্নের মান = ১

